# বিভিন্ন স্থানে প্রাথমিক শিক্ষকদের 'বিশ্বাসভঙ্গ দিবস' পালিত

বরিশাল, ১৪ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)—প্রাথমিক শিক্ষক সমিতি আহূত 'বিশ্বাসভঙ্গ দিবসে' গত মঙ্গলবার বরিশাল জেলার প্রাথমিক শিক্ষকগণ ফেষ্টুনসহ মিছিল বাহির করেন এবং কালেক্টরেট ভবনের সম্মুখে দুই ঘণ্টা অবস্থান করেন। পরে তাঁহারা জেলা প্রশাসনের নিকট একটি স্মারকপত্র প্রদান করেন। বরিশাল শহর পুস্তক বিক্রেতা সমিতি প্রাথমিক শিক্ষকদের সমর্থনে আজ তাঁহাদের সকল দোকান বন্ধ রাখেন।

পটুয়াখালী হইতে আমাদের সংবাদদাতা তারবার্তায় জানান যে, জেলার প্রাথমিক শিক্ষকগণ মিছিল বাহির করেন এবং বিভিন্ন শহর প্রদক্ষিণ করেন। পরে জেলা প্রশাসকের নিকট একটি স্মারকপত্র দেওয়া হয়।

মৌলভীবাজার হইতে আমাদের সংবাদদাতা এক তারবার্তায় জানান, প্রাথমিক শিক্ষকগণ বিশ্বাসভঙ্গ দিবস পালন করেন। এ উপলক্ষে তাঁহারা মিছিল ও পথসভার আয়োজন করেন।

পাবনা হইতে আমাদের সংবাদদাতা তারবার্তায় জানান, জেলার প্রাথমিক শিক্ষকগণ বিশ্বাসভঙ্গ দিবসে পাবনা টাউন হল ময়দানে জমায়েত হন এবং পরে মিছিলসহকারে শহরের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করেন।

নীলফামারী সংবাদদাতা এক তারবার্তায় জানান যে, নীলফামারীর সকল ছাত্র সংগঠন যৌথভাবে প্রাথমিক শিক্ষকদের দাবীর সমর্থনে আজ পূর্ণ ধর্মঘট পালন করে। তাহারা পাবলিক লাইব্রেরী ময়দানে এক সভায় মিলিত এবং মিছিল বাহির করে।

দিনাজপুর হইতে আমাদের সংবাদদাতা এক তারবার্তায় জানান, দিনাজপুর জেলার প্রাথমিক শিক্ষকগণ 'বিশ্বাসভঙ্গ দিবস' পালন করেন। এ উপলক্ষে তাঁহারা মিছিল বাহির করেন এবং জেলা প্রশাসকের নিকট একটি স্মারকপত্র দেন।